# বার্ষিক প্রতিবেদন ২০১৭-২০১৮

পররাষ্ট্র মন্ত্রণালয়

# সূচিপত্র


| | |
|---|---|
| ভূমিকা | 03 |
| দক্ষিণ এশিয়া | 03 |
| সার্ক ও বিমসটেক | 04 |
| বহিঃপ্রচার | 05 |
| দক্ষিণ-পূর্ব এশিয়া | 05 |
| পূর্ব এশিয়া ও প্রশান্ত | 07 |
| জাতিসংঘ | 07 |
| আমেরিকা | 09 |
| পশ্চিম এশিয়া | 10 |
| পশ্চিম ইউরোপ ও ইউরোপীয় ইউনিয়ন | 11 |
| পূর্ব ইউরোপ ও সিআইএস | 12 |
| আঞ্চলিক সংস্থাসমূহ | 13 |
| বহুপক্ষীয় অর্থনৈতিক বিষয়াবলী | 14 |
| সমুদ্র অর্থনীতি | 15 |
| কনস্যুলার সেবা | 17 |
| আন্তর্জাতিক সংস্থাসমূহ | 17 |
| আফ্রিকা | 18 |
| নীতি ও সংগঠন | 19 |
| বিবিধ | 20 |

# ভূমিকা

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুগভীর প্রজ্ঞা ও সুদূরপ্রসারী চিন্তা নিঃসরিত দূরদর্শী নির্দেশনা "সবার সাথে বন্ধুত্ব, কারও সাথে বৈরিতা নয়"-এই নীতির উপর ভিত্তি করে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদৃঢ় ও সুদক্ষ নেতৃত্বে বঙ্গবন্ধুর "সোনার বাংলা" স্বপ্ন পূরণে সারা বিশ্বের সাথে কূটনৈতিক কর্মকান্ড সফলতার সাথে চালিয়ে যাচ্ছে সরকার। বিগত বছরে নানা অসাধারণ কৃতিত্বের মধ্য দিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর ২০২১ এবং ২০৪১ এর রূপকল্প বাস্তবায়নে সরকার যে নানাবিধ পরিকল্পনা ও পদক্ষেপ গ্রহণ করেছে তাতে পররাষ্ট্র মন্ত্রণালয় অগ্রণী ভূমিকা রাখতে সক্ষম হয়েছে। উন্নয়নের এই অগ্রযাত্রায় বিগত ২০১৮ সালে আমরা উন্নয়নশীল দেশের মর্যাদায় উন্নীত হতে সক্ষম হয়েছি। এ বিষয়ে জাতিসংঘে বাংলাদেশের সক্রিয় কূটনৈতিক কর্মকান্ড আমাদের সফলতার দ্বারে পৌঁছে দিয়েছে। বাংলাদেশকে একটি শান্তিপ্রিয়, প্রগতিশীল এবং দায়িত্বশীল রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠায় সরকারের পররাষ্ট্রনীতি ও কূটনৈতিক কর্মকান্ড পরিচালনার মাধ্যমে প্রতিবেশী ও অন্যান্য রাষ্ট্রের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কের ইতিবাচক মাত্রাসমূহ আরও জোরদার হয়েছে। নতুন নতুন বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় আন্তর্জাতিক মূলধারায় বলিষ্ঠ উপস্থিতি বজায় রেখে আঞ্চলিক ও উপ-আঞ্চলিক সহযোগিতা দৃঢ়করণে সরকার উদ্যোগী ও সুসমন্বিত ভূমিকা পালন করেছে। বর্তমান সরকার রোহিঙ্গা প্রত্যাবাসনে মানবিক কূটনীতির সফল ও বাস্তবসম্মত প্রয়োগের এক যুগান্তকারী উদাহরণ সৃষ্টি করেছে। প্রায় ১১ লক্ষ রোহিঙ্গাদের নিজ দেশে আশ্রয় দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী মানবতার যে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন তা বিশ্বের ইতিহাসে বিরল। এ সকল সফলতার সমষ্টিগত ধারাবাহিকতায় বিশ্বের মানচিত্রে বাংলাদেশ একটি উন্নয়নশীল রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে।

## <u>পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন</u>

২০১৭-১৮ অর্থবছরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের অর্জনসমূহ বিভিন্ন অঞ্চল/ইস্যুভিত্তিক আকারে নিম্নে আলোচনা করা হল:

- **দক্ষিণ এশিয়া:**
  - ১১ মার্চ ২০১৮ তারিখে বাংলাদেশের পক্ষ থেকে মহামান্য রাষ্ট্রপতি ভারত ও ফ্রান্সের যৌথ উদ্যোগে নয়াদিল্লীতে আয়োজিত 'Solar Summit: International Solar Alliance Founding Conference' এ অংশগ্রহণ করেন, যেখানে ২৩টি দেশের রাষ্ট্র/সরকার প্রধান এবং ৯টি দেশের মন্ত্রী পর্যায়ের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।
  - ২৫-২৬ মে ২০১৮ তারিখে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে ভারতের পশ্চিমবঙ্গ সফর করেন। উক্ত সফরে মাননীয় প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গের শান্তি নিকেতনে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের অর্থায়নে নবনির্মিত "বাংলাদেশ ভবন"-এর উদ্বোধন করেন। এর পাশাপাশি তিনি বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের নিয়মিত সমাবর্তনে 'Guest of Honour' হিসেবে যোগদান করেন। এটি ছিল মাননীয় প্রধানমন্ত্রীর বর্তমান মেয়াদে দ্বিতীয় বারের মত ভারত সফর। মাননীয় প্রধানমন্ত্রীর এ সফরে তার সঙ্গে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠা কন্যা এবং মাননীয় প্রধানমন্ত্রীর ছোট বোন শেখ রেহানা, মাননীয় শিক্ষামন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী, মাননীয় সংস্কৃতি বিষয়ক মন্ত্রী সহ অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ সফরসঙ্গী হন।
  - আসানসোলে অবস্থিত কাজী নজরুল বিশ্ববিদ্যালয় এক বিশেষ সমাবর্তন অনুষ্ঠানে মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীকে সম্মানসূচক ডক্টর অব লিটারেচার (ডি.লিট) উপাধিতে ভূষিত করে।
  - বাংলাদেশের ভূ-কৌশলগত অনন্য অবস্থানের সুযোগ নিয়ে বাংলাদেশকে দক্ষিণ এশিয়া ও দক্ষিণ পূর্ব এশিয়ার সেতুবন্ধন ও যোগাযোগের কেন্দ্র হিসেবে পরিণত করার লক্ষ্যে সরকার বিমসটেক, সার্ক, IORA -তে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে পারস্পরিক অংশীদারিত্ব সৃষ্টির লক্ষ্যে কাজ করছে। বাংলাদেশের সফল কূটনীতির ফলশ্রুতিতে তার প্রতিবেশী ভারত, নেপাল ও ভুটানের সাথে পানিসম্পদ ব্যবস্থাপনা এবং বিদ্যুৎ/জল বিদ্যুৎ সহযোগিতা ও সড়ক ও রেল যোগাযোগ সম্পর্কিত উপ-আঞ্চলিক

সহযোগিতার নতুন ক্ষেত্র উন্মোচিত হয়েছে যাতে আঞ্চলিক সংযোগ (Regional Connectivity) ও পানি বিদ্যুৎ উৎপাদন ও সাধারণ নদীসমূহের যৌথ ব্যবস্থাপনার উদ্যোগ নেয়া হয়েছে।

- **সার্ক ও বিমসটেক:**

  - ✓ ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখে নিউইয়র্ক-এ অনুষ্ঠিত জাতিসংঘের ৭২তম সাধারণ অধিবেশনের সাইড লাইনে সার্ক পররাষ্ট্রমন্ত্রীদের অনানুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। মাননীয় পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দেন। উক্ত বৈঠকে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী মায়ানমারের রাখাইনে রোহিঙ্গা জনগোষ্ঠীর উপরে চলমান অমানবিক নির্যাতনের বিষয়ে আলোকপাত করেন।
  - ✓ ২৯ নভেম্বর-০৩ ডিসেম্বর ২০১৭ তারিখে SAARC Exhibition and Workshop on Handicraft এবং SAARC Cultural Festival on Traditional Dance বাংলাদেশ আয়োজন করে।
  - ✓ ১১-১৩ এপ্রিল ২০১৮ তারিখে Heads of SAARC Statistical Organizations (SAARCSTAT) শীর্ষক ৯ম সভা বাংলাদেশ সরকারের আয়োজনে ঢাকায় অনুষ্ঠিত হয়।
  - ✓ গত ১৯-২১ মে ২০১৮ তারিখে Exposure Visit of Farmers on Community Engagement of Seed Sovereignty for Resilient Agriculture in South Asia বাংলাদেশের বগুড়ায় অনুষ্ঠিত হয়।
  - ✓ সার্কের আওতায় আঞ্চলিক সেন্টার হিসেবে সর্বপ্রথম ঢাকায় প্রতিষ্ঠিত সার্ক কৃষি কেন্দ্র (SAARC Agriculture Centre)-কে বর্তমান সরকারের আমলে কৃষিক্ষেত্রে গবেষণা, উন্নয়ন নীতি পরিকল্পনা এবং ব্যবস্থাপনার জন্য আরও শক্তিশালী করা হয়েছে।
  - ✓ ২০১৭-১৮ অর্থবছরে সার্কের জাতীয় ফোকাল পয়েন্ট হিসেবে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সার্ক শাখা বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এর সাথে সমন্বয়ের মাধ্যমে সার্ক সচিবালয় এবং বিভিন্ন Regional Centre ও Specialized Body এর বিভিন্ন সেক্টোরাল ও টেকনিক্যাল কমিটির সভা, ওয়ার্কিং গ্রুপ, সেমিনার, ওয়ার্কশপ, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ, কনফারেন্স ইত্যাদিতে বাংলাদেশের অংশগ্রহণ নিশ্চিত করেছে।
  - ✓ ১০-১১ আগস্ট ২০১৭ তারিখে ১৫তম বিমসটেক পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের ও ১০ আগস্ট ২০১৭ তারিখে ১৮তম বিমসটেক উর্ধ্বতন কর্মকর্তাদের সভা (পররাষ্ট্র সচিব পর্যায়ের) অনুষ্ঠিত হয়। উক্ত পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের সভায় মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এবং উর্ধ্বতন কর্মকর্তাদের সভায় পররাষ্ট্র সচিব বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। বিমসটেককে আরো শক্তিশালী ও কার্যকরীকরণের বিষয়ে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীর ব্যক্তিগত আগ্রহ এবং প্রতিশ্রুতির বিষয়ে সভাকে অবহিত করেন। বাংলাদেশের জন্য এ সভা থেকে অন্যতম উল্লেখযোগ্য প্রাপ্তি হল বাংলাদেশ কর্তৃক মনোনীত প্রার্থী রাষ্ট্রদূত মোঃ সহিদুল ইসলামকে বিমসটেক এর পরবর্তী মহাসচিব হিসেবে নিয়োগ প্রদান করা।
  - ✓ ২২-২৩ নভেম্বর ২০১৭ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয় ঢাকায় "International Workshop on Blue Economy" আয়োজন করে। এখানে বিমসটেকের সদস্যদেশসমূহের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। সমুদ্রসম্পদ ব্যবস্থাপনায় বিভিন্ন কারিগরি দিক নিয়ে উক্ত ওয়ার্কশপে আলোচনা করা হয়।
  - ✓ ১৯-২০ ডিসেম্বর ২০১৭ তারিখে শ্রীলংকার কলম্বোতে "Third BIMSTEC Ministerial Meeting on Poverty Alleviation" অনুষ্ঠিত হয়। এ সভায় বাংলাদেশের মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল অংশগ্রহণ করেন। উক্ত সভায় "Poverty Alleviation-এর Plan of Action" গৃহীত হয়।
  - ✓ ১৩-১৫ মার্চ ২০১৮ তারিখে ঢাকায় "Workshop on Cyber-Crime and Cyber-Security for BIMSTEC Member Countries" অনুষ্ঠিত হয়। উক্ত ওয়ার্কশপ-এ বিমসটেক এর সদস্য দেশসমূহের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।
  - ✓ ২৮ মার্চ ২০১৮ তারিখে ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক "Second Meeting of National Security Chiefs of BIMSTEC Countries" আয়োজন করা হয়। উক্ত বৈঠকে বিমসটেক সদস্যভুক্ত দেশসমূহের নিরাপত্তা প্রধানগণ অংশগ্রহণ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টার সভাপতিত্বে সন্ত্রাসবাদ দমনের লক্ষ্যে বিমসটেক সদস্যভুক্ত দেশসমূহের জনগণকে প্রচলিত ও অপ্রচলিত-উভয়প্রকার নিরাপত্তা ঝুঁকি থেকে মুক্ত রেখে এ অঞ্চলে শান্তি, উন্নয়ন ও সমৃদ্ধির অব্যাহত ধারা বজায় রাখার জন্য একযোগে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

- ✓ ০৫ এপ্রিল ২০১৮ তারিখে ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক "Special Meeting of the BIMSTEC Joint Working Group on the Establishment of the BIMSTEC Permanent Secretariat" শীর্ষক বৈঠক আয়োজন করা হয়। উক্ত সভায় বিমসটেক সদস্যভুক্ত দেশসমূহের প্রতিনিধিগণ, বিমসটেক সচিবালয়কে শক্তিশালীকরণের লক্ষ্যে আর্থিক ও প্রশাসনিক বিষয়ে কিছু গুরুত্বপূর্ণ সুপারিশমালা তৈরী করেন যার আলোকে পরবর্তী সভাগুলোতে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

**❑ বহিঃপ্রচার:**

- ✓ জনকূটনীতি কার্যক্রমের অংশ হিসেবে "Visit Bangladesh" প্রোগ্রামের আওতায় ০৯টি দেশের ২৮ জন গণমাধ্যমব্যক্তিত্ব, উন্নয়নকর্মী, গবেষক, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, লেখক ও সুশীল সমাজের স্বনামধন্য ব্যক্তিবর্গ ১৩-১৯ এপ্রিল ২০১৮ তারিখে বাংলাদেশ সফর করেন।



বিদেশী অতিথিগণ মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর সাথে ফটোসেশনে অংশ নেন।



বিদেশী অতিথিগণের উদ্দেশ্যে মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর ব্রিফিং প্রদান।

- ✓ বঙ্গবন্ধুর "অসমাপ্ত আত্মজীবনী" গ্রন্থটি আরবী, ফরাসী, হিন্দি, জাপানীজ, স্প্যানিশ, জার্মান, রাশিয়ান, উর্দু এবং তুর্কি ভাষায় অনুবাদ ও প্রকাশ করা হয়।
- ✓ মুক্তিযুদ্ধকালীন গণহত্যা বিষয়ক Bangladesh Genocide Revisited নামক পুস্তিকা, সিটিজেন চার্টার এবং কনস্যুলার সেবাসপ্তাহ উপলক্ষে বেশ কিছু পোস্টার প্রকাশ করা হয়েছে।
- ✓ বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে প্রাপ্ত ৪৪ জন বিদেশী সাংবাদিক ও মিডিয়া ব্যক্তিত্বের ভিসা আবেদনের ভিত্তিতে ভিসা সংক্রান্ত অনুমোদন প্রদান করা হয়।
- ✓ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিকদের আবেদনের ভিত্তিতে ৮৫ জন সাংবাদিককে সার্ক স্টিকার প্রদানের ব্যবস্থা নেয়া হয়।
- ✓ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণসহ অন্যান্য ভাষণসমূহ, তাঁর জীবনীভিত্তিক প্রামাণ্যচিত্রসমূহ এবং তাঁর জীবনীগ্রন্থসমূহ বিদেশস্থ সকল বাংলাদেশ মিশনে প্রেরণ করা হয়।
- ✓ সরকারে সাফল্য এবং উন্নয়নমূলক প্রামাণ্যচিত্রসমূহ বিদেশস্থ সকল বাংলাদেশ মিশনে প্রেরণ করা হয়।
- ✓ 'বাংলাদেশ ডায়েরি ২০১৮' এবং 'ক্যালেন্ডার ২০১৮' এর মুদ্রণ, প্রকাশনা এবং বিতরণ করা হয়।
- ✓ পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ অনুষ্ঠানের মিডিয়া কভারেজ প্রদান এবং প্রেস রিলিজ প্রেরণ করা হয়।

**❑ দক্ষিণ-পূর্ব এশিয়া:**

- ✓ ৬ জুলাই ২০১৭ তারিখে ঢাকায় পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে বাংলাদেশ ও থাইল্যান্ডের মধ্যে যৌথ কমিশনের ৭ম সভা অনুষ্ঠিত হয়। এ সভায় বাংলাদেশের পক্ষে নেতৃত্ব দেন পররাষ্ট্রমন্ত্রী জনাব আবুল হাসান মাহমুদ আলী, এম.পি. এবং থাইল্যান্ডের পক্ষে নেতৃত্ব দেন থাইল্যান্ডের পররাষ্ট্রমন্ত্রী Don Pramudwinai।
- ✓ আন্তর্জাতিক সম্প্রদায়ের দায়িত্বশীল সদস্য হিসেবে রোহিঙ্গাদের মানবিক সহায়তা নিশ্চিতকরণের লক্ষ্যে আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের সাথে এবং প্রতিবেশীসুলভ সম্পর্ক বজায় রেখে তাদের টেকসই প্রত্যাবাসনের লক্ষ্যে মিয়ানমার সরকারের সাথে

নিরলসভাবে কাজ করে যাচ্ছে পররাষ্ট্র মন্ত্রণালয়। রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের সাথে তিনটি দ্বিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে যাদের ভিত্তিতে রোহিঙ্গাদের যাচাই-বাচাই প্রক্রিয়া চলমান রয়েছে। রোহিঙ্গা প্রত্যাবাসনে আন্তর্জাতিক জনমত গড়ে তলার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় জোর কূটনৈতিক তৎপরতা চালিয়ে যাচ্ছে।

- ✓ ০২-০৩ অক্টোবর ২০১৭ তারিখে মিয়ানমারের Union Minister at the State Counselor's Office U Kyaw Tint Swe ঢাকা সফর করেন। সফরকালে তিনি মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর সাথে বৈঠক করেন। উক্ত বৈঠকে সাম্প্রতিক সময়ে বাংলাদেশে আশ্রয় নেয়া বিপুল সংখ্যক বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের তাদের স্বদেশে ফিরিয়ে নিয়ে যাবার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।
- ✓ ০৯ অক্টোবর ২০১৭ তারিখে ঢাকাস্থ বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণের ্যউদ্দেশে"Diplomatic Briefing" এর আয়োজন করা হয়। উক্ত ব্রিফিং-এ মাননীয় পররাষ্ট্রমন্ত্রী রোহিঙ্গা শরণার্থীদের বাংলাদেশে প্রবেশের হালনাগাদ তথ্য এবং মিয়ানমার স্টেট কাউন্সিলর অফিসের মন্ত্রীর সাম্প্রতিক বাংলাদেশ সফরের সময়ে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবাসন প্রক্রিয়ার আলোনচনার ব্যাপারে রাষ্ট্রদূতগণকে অবহিত করেন।
- ✓ ১৫১৬- অক্টোবর ২০১৭ তারিখে মালয়েশিয়ার উপপ্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী Dato' Seri Dr. Ahmad Zahid Hamidi বাংলাদেশ সফর করেন।
- ✓ ২৩ নভেম্বর ২০১৭ তারিখে বাংলাদেশে আশ্রয় নেয়া বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের মিয়ানমারে ফেরত পাঠানোর জন্য চুক্তি স্বাক্ষরিত হয়।
- ✓ ৩-৫ ডিসেম্বর ২০১৭ তারিখে কম্বোডিয়ার প্রধানমন্ত্রীর আমন্ত্রণে মাননীয় প্রধানমন্ত্রী কম্বোডিয়ায় সরকারি সফর করেন। তাঁর এ সফরকালে উভয় দেশের প্রধানমন্ত্রী পর্যায়ে দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়।
- ✓ বাংলাদেশে আশ্রয় নেয়া বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের স্বদেশে ফিরিয়ে নেয়ার ব্যাপারে গঠিত জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের প্রথম বৈঠকে অংশ নিতে পররাষ্ট্র সচিবের নেতৃত্বে বাংলাদেশের একটি প্রতিনিধিদল মিয়ানমার সফর করেন এবং ১৬ জানুয়ারি ২০১৮ তারিখে Physical Arrangement স্বাক্ষরিত হয়।
- ✓ ২৭-২৯ জানুয়ারি ২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর আমন্ত্রণে ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি বাংলাদেশ সফর করেন।
- ✓ ১৮-২০ ডিসেম্বর ২০১৭ তারিখে বাংলাদেশে আশ্রয় নেয়া মিয়ানমার নাগরিকদের প্রত্যাবাসনের বিষয়ে Terms of Reference চূড়ান্তকরণের লক্ষ্যে মিয়ানমারের পররাষ্ট্র সচিব U Mzint Thu -এর নেতৃত্বে ছয় সদস্যের একটি প্রতিনিধিদল বাংলাদেশ সফর করেন।
- ✓ ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে মালয়েশিয়ার কুয়ালালামপুরে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে দ্বিতীয় FOC অনুষ্ঠিত হয়।
- ✓ ৪-৬ মার্চ ২০১৮ তারিখে বাংলাদেশ এবং ভিয়েতনামের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের পয়তাল্লিশ বছর পূর্তি উপলক্ষে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির আমন্ত্রণে ভিয়েতনামের রাষ্ট্রপতি বাংলাদেশে রাষ্ট্রীয় সফর করেন।
- ✓ ১১-১৩ মার্চ ২০১৮ তারিখে সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর আমন্ত্রণে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী সিঙ্গাপুরে সরকারি সফর করেন। সফরকালে মাননীয় প্রধানমন্ত্রী সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। এছাড়াও সফরকালে মাননীয় প্রধানমন্ত্রী সিঙ্গাপুরের রাষ্ট্রপতির সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।
- ✓ ১৪-১৬ মার্চ ২০১৮ তারিখে থাইল্যান্ডের এশিয়ান ইন্সটিটিউট অব টেকনোলজি (এ.আই.টি.) তে- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সম্মানে প্রতিষ্ঠিত 'বঙ্গবন্ধু চেয়ার' -এর উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর নেতৃত্বে একটি প্রতিনিধিদল থাইল্যান্ডে সফর করেন।
- ✓ ১১-১৩ এপ্রিল ২০১৮ তারিখে মিয়ানমারের Union Minister for Social Welfare, Relief and Resettlement, Dr. Win Myat Aye এর নেতৃত্বে একটি প্রতিনিধিদল বাংলাদেশ সফর করেন। সফরের অন্যতম প্রধান উদ্দেশ্য ছিল বাংলাদেশে আশ্রয় নেয়া মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত জনগোষ্ঠীকে ফিরিয়ে নেয়ার ব্যাপারে বাংলাদেশের সাথে সম্পাদিত Agreement এর আলোকে মিয়ানমার সরকারের প্রস্তুতির ব্যাপারে সংশ্লিষ্টদেরকে অবহিত করা।
- ✓ ২৮-২৯ এপ্রিল ২০১৮ তারিখে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের একটি প্রতিনিধিদল বাংলাদেশ সফর করেন। সফরের অংশ হিসেবে তারা কক্সবাজার সফর করে জিরোলাইন এবং কুতুপালং ক্যাম্প পরিদর্শন করেন এবং রোহিংগাদের সাথে আলোচনা করেন।

- ✓ ১৭ মে ২০১৮ তারিখে ঢাকায় বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের প্রত্যাবাসনের বিষয়ে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে গঠিত "যৌথ ওয়ার্কিং গ্রুপ"-এর দ্বিতীয় বৈঠক অনুষ্ঠিত হয়।
- ✓ ২৮-৩১ মে ২০১৮ তারিখে থাইল্যান্ডের রাজকন্যা Princess Maha Chakri Sirindhorn বাংলাদেশ সফর করেন। সফরকালে থাই রাজকন্যা মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন এবং মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর সাথে বৈঠক করেন।

## ❑ পূর্ব এশিয়া ও প্রশান্ত:

- ✓ রোহিঙ্গা শরণার্থীদের জন্য বিশ্বের বিভন্ন দেশের সমর্থন আদায় এবং চায়না সরকারের পক্ষ থেকে রোহিঙ্গা শরণার্থীদের জন্য মানবিক সহায়তা প্রাপ্তি নিশ্চিত করা হয়েছে।
- ✓ ২৭ সেপ্টেম্বর ২০১৭ এবং ২১-২২ মার্চ ২০১৮ তারিখে জাপানের পররাষ্ট্র বিষয়ক সংসদীয় উপমন্ত্রী Iwao Horii দু'বার বাংলাদেশ সফর করেন।
- ✓ এসডিজি ২০৩০ এর আলোকে অভ্যন্তরীণ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে বিভিন্ন দেশ এবং কূটনীতিকদের সাথে যোগাযোগ স্থাপনের অংশ হিসেবে ১৩ নভেম্বর ২০১৭ তারিখে 'Japan Bangladesh Public Private Joint Economic Dialogue' এর ভিত্তিতে ঢাকায় 'Joint Group of Tax and Foreign Exchange Issue' এর উপর একটি সম্মেলন আয়োজন করা হয়।
- ✓ নভেম্বর ২০১৭ তে জাপানের পররাষ্ট্রমন্ত্রী Taro Kono বাংলাদেশ সফর করেন।
- ✓ ১৮-১৯ নভেম্বর ২০১৭ তারিখে চীনের পররাষ্ট্রমন্ত্রী Wang Yi বাংলাদেশ সফর করেন।
- ✓ ২১ নভেম্বর ২০১৭ তারিখে অস্ট্রেলিয়ার সাথে বাংলাদেশের ২য় FOC অনুষ্ঠিত হয়।
- ✓ এপ্রিল ২০১৮ তে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'Global Women's Leadership Award 201' গ্রহণের জন্য অস্ট্রেলিয়া সফর করেন। এসময় তিনি অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী Malcolm Turnbull এর সাথে দ্বিপক্ষীয় সভায় অংশ নেন।
- ✓ মে ২০১৮ তে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এ. এইচ. মাহমুদ আলী জাপান সফর করেন।
- ✓ জুন ২০১৮ তে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এ. এইচ. মাহমুদ আলী চীন সফর করেন।

## ❑ জাতিসংঘ:

- ✓ ০৭ই মার্চ ১৯৭১-এ প্রদত্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণটিকে ইউনেস্কো বিশ্বের গুরুত্বপূর্ণ প্রামান্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দিয়েছে। জাতির পিতার এই ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর 'মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টারে' অন্তর্ভুক্ত করা হয় ।
- ✓ ১৮-২৫ সেপ্টেম্বর ২০১৭ তারিখে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অনুষ্ঠিত জাতিসংঘের সাধারণ পরিষদের ৭২ তম অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল অংশগ্রহণ করেন। ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী জাতিসংঘ সাধারণ পরিষদের সাধারণ বিতর্ক পর্বে (General Debate) প্রদত্ত বক্তব্যে রোহিঙ্গা সমস্যা সমাধানে সুনির্দিষ্ট ৫-দফা প্রস্তাব তুলে ধরেন। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী তাঁর ভাষণে ১৯৭১ সালে আমাদের দেশে পাকিস্তানি দখলদার বাহিনী পরিচালিত ভয়াবহতম গণহত্যার কথা তুলে ধরে এ গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতির দাবী জানান। মাননীয় প্রধানমন্ত্রী বিশ্ব শান্তিতে বাংলাদেশের অবদানকে সুসংহত করার লক্ষ্যে 'জাতিসংঘ শান্তি বিনির্মাণ তহবিলে' এক লক্ষ মার্কিন ডলার অনুদানের ঘোষণা দেন। এছাড়া তিনি জাতিসংঘ মহাসচিব কর্তৃক প্রস্তাবিত যৌন নিপীড়ণ সংক্রান্ত Voluntary Compact -এ সমর্থন প্রদান করেন এবং এ প্রেক্ষিতে গঠিত 'ভিকটিম সাপোর্ট তহবিলে' প্রতীকী অনুদান হিসেবে এক লাখ মার্কিন ডলার অনুদানের ঘোষণা করেন।
- ✓ মিয়ানমার হতে নির্যাতনের শিকার হয়ে পালিয়ে আসা রোহিঙ্গাদের সার্বিক পরিস্থিতি অনুধাবনের লক্ষ্যে জর্ডানের রানী, তুরস্কের ফার্স্ট লেডি, কানাডার সহকারী উপমন্ত্রী, ইরানের উপ-স্বাস্থ্যমন্ত্রী, জাতিসংঘ মহাসচিব, বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট, জাতিসংঘ নিরাপত্তা পরিষদের প্রতিনিধি দল, জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাই কমিশনার, জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের মিয়ানমার বিষয়ক স্পেশাল র‍্যাপোর্টিয়ার, জাতিসংঘ কর্তৃক প্রতিষ্ঠিত Independent International Fact Finding Mission

on Myanmar (IIFFM) -এর সদস্যবৃন্দ, আন্তর্জাতিক অভিবাসন সংস্থার মহাপরিচালক, UN Women এর নির্বাহী পরিচালক, UNFPA এর নির্বাহী পরিচালক, জাতিসংঘের মানবাধিকার বিষয়ক সহকারী মহাসচিব, জাতিসংঘ মহাসচিবের গণহত্যা প্রতিরোধ বিষয়ক বিশেষ দূত, জাতিসংঘের Emergency Relief Coordinator, ইউনিসেফ এর নির্বাহী পরিচালক, ইউরোপীয় ইউনিয়নের মানবিক সহায়তাবিষয়ক কমিশনার, জাতিসংঘ মহাসচিবের Sexual Violence in Conflict সংক্রান্ত বিশেষ প্রতিনিধি, আন্তর্জাতিক রেড ক্রস এবং রেড ক্রিসেন্ট সোসাইটির মহাপরিচালক, International Red Cross Committee (ICRC) -এর সভাপতি Peter Maurer, জাতিসংঘ মানবাধিকার বিষয়ক হাই কমিশনারের কার্যালয়ের প্রতিনিধিবৃন্দ ২০১৭-১৮ অর্থবছরের বিভিন্ন সময়ে কক্সবাজারস্থ রোহিঙ্গা শরণার্থী ক্যাম্প পরিদর্শন করেন এবং সরকারের প্রতিনিধিদের সাথে বৈঠক করেন।

- ✓ রোহিঙ্গা সমস্যার শান্তিপূর্ণ ও টেকসই সমাধানে মিয়ানমারের উপর চাপ সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ জাতিসংঘ সাধারণ পরিষদ, জাতিসংঘ নিরাপত্তা পরিষদ, জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলসহ সকল আন্তর্জাতিক ও আঞ্চলিক ফোরামে কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রেখেছে। বাংলাদেশের নিরবিচ্ছিন্ন কূটনৈতিক প্রচেষ্টার ফলে ২০১৭-১৮ অর্থবছরে রোহিঙ্গা বিষয়ে জাতিসংঘ সাধারণ পরিষদে ১টি, সাধারণ পরিষদের তৃতীয় কমিটিতে ১টি এবং জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলে ৪টি রেজ্যুলেশন গৃহীত হয় এবং জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলে রোহিঙ্গা সমস্যা সমাধানে একটি বিশেষ সভা আয়োজন করা হয়।
- ✓ রোহিঙ্গা সমস্যা নিরসনে ২০১৩ সালে মন্ত্রীসভা কর্তৃক গৃহীত “মিয়ানমার শরণার্থী ও অনিবন্ধিত মিয়ানমার নাগরিক বিষয়ক জাতীয় কৌশল পত্র”-এর দ্রুত বাস্তবায়নে গঠিত টাস্কফোর্সের সভাপতি হিসেবে পররাষ্ট্র মন্ত্রণালয় ২০১৭-১৮ অর্থবছরে টাস্কফোর্সের ০৯ টি সভা পরিচালনা করেছে।
- ✓ ২৫ শে মার্চ সহ মুক্তিযুদ্ধ চলাকালীন গণহত্যা তথা মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশে নিযুক্ত কুটনৈতিক মিশনের প্রধানদের ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখে মুক্তিযুদ্ধ যাদুঘর পরিদর্শন করানো হয়েছে। এ সময় ৪৩টি মিশন এবং ৩টি আন্তর্জাতিক সংস্থার কূটনীটিকরা  মুক্তিযুদ্ধ যাদুঘরের বিভিন্ন গ্যালারি ঘুরে দেখেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে মহান মুক্তিযুদ্ধ চলাকালীন সংঘটিত গণহত্যা বিষয়ক যাবতীয় তথ্য উপাত্ত সম্বলিত একটি সচিত্র পুস্তিকা এবং এ সংক্রান্ত ভিডিও প্রস্তুত করা হয়েছে।
- ✓ রোহিঙ্গা পরিস্থিতির বাস্তব চিত্র অনুধাবনের লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে গত ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখে বাংলাদেশে অবস্থিত কূটনীতিকবৃন্দকে (৪২ দূতাবাস এবং ৪ টি আন্তর্জাতিক সংস্থার  প্রধান) কক্সবাজারস্থ রোহিঙ্গা ক্যাম্পগুলো পরিদর্শন করানো হয়। এছাড়া, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ২০১৭-১৮ অর্থবছরে ০৬ বার বাংলাদেশস্থ বিদেশী কূটনীতিকবৃন্দকে রোহিঙ্গা সমস্যা বিষয়ে ব্রিফিং প্রদান করেন।
- ✓ পারমাণবিক অস্ত্র নিরস্ত্রীকরণ এবং পারমানবিক শক্তির শান্তিপূর্ণ ব্যবহারের প্রতি সমর্থনের ধারাবাহিকতায় বাংলাদেশের পক্ষে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী গত ২০ সেপ্টেম্বর ২০১৭ তারিখে নিউইয়র্কের জাতিসংঘ সদরদপ্তরে Treaty on the Prohibitions of Nuclear Weapons -এ স্বাক্ষর করেন।
- ✓ ৮ নভেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত UNESCO এর এক্সিকিউটিভ বোর্ড এর নির্বাচনে বাংলাদেশ ২০১৭-২১ মেয়াদে এক্সিকিউটিভ বোর্ড সদস্য হিসেবে নির্বাচিত হয়।
- ✓ বাংলাদেশ ০৯ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে International Covenant on the Economic, Social and Cultural Rights (ICESCR) -এর অধীনে  Committee  on Economic, Social and Cultural Rights (CESCR) -এর নিকট প্রারম্ভিক প্রতিবেদন জমা দেয়। এর ধারাবাহিকতায় ১৫-১৬ মার্চ ২০১৮ তারিখে জেনেভায় CESCR কর্তৃক বাংলাদেশের ICESCR সংক্রান্ত প্রারম্ভিক প্রতিবেদন (Initial Report) -এর বিবেচনা সভা অনুষ্ঠিত হয়। মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব মোঃ শাহরিয়ার আলম এমপি নেতৃত্বে উক্ত সভায় বাংলাদেশ প্রতিনিধিদল অংশগ্রহণ করে।
- ✓ মাননীয় প্রধানমন্ত্রী ১৩ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে ইতালির রোমে অনুষ্ঠিত আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) **-এর** Governing Council -এর ৪১তম অধিবেশনে অংশগ্রহণ করেন। এই সভায় মূল প্রবন্ধে তিনি কৃষিক্ষেত্রে বাংলাদেশের অর্জন ও সাফল্যের কথা তুলে ধরেন। গ্রামীণ যুবশক্তির উন্নয়নে সরকারের গৃহীত নানা পদক্ষেপ, দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বিনিয়োগের গুরুত্ব এবং পল্লী জনগণের ক্ষমতায়নে স্থানীয় সরকারের ভূমিকার বিষয়েও মাননীয় প্রধানমন্ত্রী আলোকপাত

করেন। IFAD অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বাংলাদেশের উত্তর-মধ্যঞ্চলীয় ছয়টি জেলার ২৫ টি উপজেলায় দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো ও বাজার উন্নয়নের নিমিত্ত 'Promote Resilience of Vulnerable Through Access to Infrastructure, Improved Skills and Information (PROVATi3)'-শীর্ষক একটি প্রকল্প চুক্তি স্বাক্ষরিত হয়।

- ✓ ১৬ এপ্রিল ২০১৮ তে ECOSOC এ অনুষ্ঠিত তিনটি নির্বাচনে বাংলাদেশ জয় লাভ করে। Asia-Pacific Group to Commission on the Status of Women (CSW) -এ ২০১৯-২০২৩ মেয়াদে, UNICEF -এর Executive Board -এ ২০১৯-২০২১ মেয়াদে এবং UN Women -এর Executive Board -এ ২০১৯-২০২১ মেয়াদে বাংলাদেশ প্রতিনিধিত্ব করার জন্য নির্বাচিত হয়।
- ✓ জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের অংশগ্রহণের ৩০ বছর পূর্তি উপলক্ষে শান্তিরক্ষায় বাংলাদেশের অর্জন সমূহ আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরার জন্য ২৫ এপ্রিল ২০১৮ তারিখে নিউইয়র্কস্থ জাতিসংঘ সদরদপ্তরে জাতিসংঘের মহাসচিব ও জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতির অংশগ্রহণে একটি Thematic Display এর আয়োজন করা হয়।
- ✓ ২৬-২৮ এপ্রিল ২০১৮ তারিখে অস্ট্রেলিয়ার সিডনিতে অনুষ্ঠিত '2018 Global Summit of Women' শীর্ষক সভায় 'Global Summit of Women' কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রীকে 'Global Women's Leadership Award' প্রদান করা হয়। এসময় মাননীয় প্রধানমন্ত্রী এই পুরস্কার সমগ্র নারীজাতির উদ্দ্যশ্যে উৎসর্গ করেন। মাননীয় প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে বিশ্বে নারীর অধিকার আদায়ে চার দফা প্রস্তাব তুলে ধরেন যা সভায় সহস্রাধিক অংশগ্রহণকারী কর্তৃক ব্যাপকভাবে প্রশংসিত হয়।
- ✓ ১৪-১৫ মে ২০১৮ তারিখে সুইজারল্যান্ডের জেনেভায় মানবাধিকার সংক্রান্ত বাংলাদেশের তৃতীয় Universal Periodic Review (UPR) -এর সভা অনুষ্ঠিত হয়। এই সভায় মাননীয় আইনমন্ত্রীর নেতৃত্বে মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীসহ বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে একটি উচ্চ পর্যায়ের বাংলাদেশ প্রতিনিধিদল অংশগ্রহণ করে। এই সভায় জাতিসংঘের সদস্য রাষ্ট্র সমূহ বাংলাদেশে মানবাধিকার পরিস্থিতি এবং মানবাধিকার বিষয়ে বাংলাদেশ সরকারের বিভিন্ন পদক্ষেপকে সাধুবাদ জানান এবং সরকারের ভূমিকার প্রশংসা করেন। পাশাপাশি নিয়মানুযায়ী রাষ্ট্রসমূহ কিছু সুনির্দিষ্ট সুপারিশ প্রদান করে। তাছাড়া রাষ্ট্রসমূহ রোহিঙ্গাদের আশ্রয় ও মানবিক সাহায্য প্রদানের জন্য বাংলাদেশ এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভূয়সী প্রশংসা করেন।
- ✓ মাননীয় পররাষ্ট্রমন্ত্রী আন্তর্জাতিক শান্তিরক্ষী দিবস-২০১৮ পালনের নিমিত্ত ২৯ মে ২০১৮ তারিখ সকাল বেলা Peacekeeping Run এর উদ্বোধন করেন। একই দিনে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সশস্ত্র বাহিনী বিভাগ ও পুলিশের সহযোগে আয়োজিত জাতিসংঘ শান্তিরক্ষী দিবসের মূল অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

## ❑ আমেরিকা:

- ✓ ১-৫ নভেম্বর ২০১৭ তারিখে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যকার দ্বিপাক্ষিক 6th Bangladesh-USA Partnership Dialogue ঢাকায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন যথাক্রমে পররাষ্ট্র সচিব মোঃ শহীদুল হক ও Under Secretary of State for Political Affairs, Thomas A. Shannon Jr। বৈঠকসমূহের নিম্নোক্ত বিষয়াবলী আলোচিত হয়:
  - দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ, বাংলাদেশি পণ্যের শুল্কমুক্ত-কোটামুক্ত বাণিজ্য সুবিধা, জ্বালানিখাতে যুক্তরাষ্ট্রের বিনিয়োগ, এলএনজি টার্মিনাল নির্মাণ।
  - Indo-Pacific অর্থনৈতিক করিডোর, Belt and Road Initiative-সহ আঞ্চলিক সংযোগ বৃদ্ধিকল্পে অন্যান্য পদক্ষেপ।
  - নিরাপত্তা সহযোগিতা, Model Prosecution Unit প্রতিষ্ঠা, Acquisition & Cross-servicing Agreement, General Security of Military Information Agreement, জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের অংশগ্রহণ বৃদ্ধি ইত্যাদি।
  - কৃষি, শিক্ষাসহ অন্যান্য খাতে বাংলাদেশ কর্তৃক প্রস্তাবিত MoU।
  - উন্নয়ন ও শাসনকার্য, বাংলাদেশের আসন্ন জাতীয় নির্বাচন।

- মানবাধিকার, শ্রমিক অধিকার, ICT আইন।
- রোহিঙ্গা সংকট।

✓ ৩ অক্টোবর ২০১৭ তারিখে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডি.সি. তে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে 6th USA-Bangladesh Security Dialogue অনুষ্ঠিত হয়। বাংলাদেশের প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন আমেরিকা অনুবিভাগের মহাপরিচালক মিজ্ আবিদা ইসলাম এবং যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন Acting Deputy Assistant Secretary, Department of State, Michael Miller । বৈঠকসমূহে আলোচিত উল্লেখযোগ্য বিষয়াবলী নিম্নরূপ:

- প্রতিরক্ষা সহযোগিতা।
- দ্বিপাক্ষিক সামরিক সম্পর্ক।
- শান্তিরক্ষা, সন্ত্রাস দমন ও নাগরিক সুরক্ষা সহযোগিতা, মানবাধিকার রক্ষা, Counterterrorism and Countering Violent Extremism (CT/CVE), D-ISIS Coalition Structure and Activities ও এর কার্যক্রম, Logistics Support Agreement (LSA)।
- বিনিয়োগ, গুরুত্বপূর্ণ আঞ্চলিক বিষয়াবলী।

✓ ২২ অক্টোবর ২০১৭ তারিখে ঢাকায় বাংলাদেশ ও কানাডার মধ্যে 4th Bilateral Consultations অনুষ্ঠিত হয়। বাংলাদেশ এবং কানাডার প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন যথাক্রমে পররাষ্ট্র সচিব মোঃ শহীদুল হক ও Donald Bobiash, Assistant Deputy Minister for Asia Pacific, Global Affairs Canada। বৈঠকসমূহে নিম্নোক্ত উল্লেখযোগ্য বিষয়াবলী আলোচিত হয়:

- রোহিঙ্গা সংকট।
- জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের অবদান।
- কনস্যুলার বিষয়াবলী।
- দ্বিপাক্ষিক বিষয়ে প্রস্তাবিত MoU, Air Services Agreement।
- সন্ত্রাস ও জঙ্গীবাদবিরোধী কার্যক্রম।
- বাংলাদেশের আসন্ন সংসদীয় নির্বাচন।
- অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন সহায়তা, দ্বিপাক্ষিক বাণিজ্যিক সম্পর্ক, বৈদেশিক বিনিয়োগ।
- মানবাধিকার কর্মসূচী, শ্রমিক অধিকার, জলবায়ু পরিবর্তন ও সমসাময়িক বৈশ্বিক।

## ❑ পশ্চিম এশিয়া:

✓ বাংলাদেশ ও মধ্যপ্রাচ্যের দেশগুলোর মধ্যে ভ্রাতৃপ্রতীম সম্পর্ক বিদ্যমান। এ অঞ্চলের দেশগুলোর সাথে আমাদের জোর কূটনৈতিক তৎপরতার ফলে সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, বাহরাইন, লেবানন ও জর্ডানে দীর্ঘদিন ধরে বন্ধ থাকা শ্রমবাজার বাংলাদেশীদের জন্য উন্মুক্ত হয়েছে যার ফলশ্রুতিতে মধ্যপ্রাচ্য এখন বাংলাদেশের সর্ববৃহৎ শ্রমবাজার।

✓ মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী দিকনির্দেশনায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের কূটনৈতিক উদ্যোগে উপ-সাগরীয় দেশসমূহ (Gulf countries) থেকে বাংলাদেশে বিনিয়োগের সম্ভাবনা সৃষ্টি হচ্ছে।

✓ ২০১৭ সালের সেপ্টেম্বর মাসে ওমানের সাথে এলএনজি আমদানি বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

✓ ০২ অক্টোবর ২০১৭ তারিখে সংযুক্ত আরব আমিরাতের সাথে বাংলাদেশে বিমান চলাচল বিষয়ে দ্বি-পাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়।

✓ ২৩ অক্টোবর ২০১৭ তারিখে জর্ডানের রাণী রানিয়া আল আব্দুল্লাহ বাংলাদেশ সফর করেন।

✓ ২২ নভেম্বর ২০১৭ তারিখে বাংলাদেশে নিযুক্ত সৌদি রাষ্ট্রদূত এবং ০৭ আগষ্ট ২০১৭ তারিখে  সৌদি আরবের সেনাপ্রধান মননীয় প্রধানমন্ত্রী'র সাথে সৌজন্য সাক্ষাৎ ও বৈঠক করেন।

✓ ০৬ ডিসেম্বর ২০১৭ তারিখে এফবিসিসিআই ও সৌদি আরবের আল-ফানার গ্রুপের মধ্যে বাংলাদেশে (৪০-১০০ মেগাওয়াট) সৌরবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

- ✓ অক্টোবর-ডিসেম্বর ২০১৭ সময়কালে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর সাথে ইরানের উপ-স্বাস্থ্যমন্ত্রীর বৈঠক; মাননীয় বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রীর সাথে সংযুক্ত আরব আমিরাতের বিমানমন্ত্রীর বৈঠক এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সাথে ইরানের উপ-পররাষ্ট্র মন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ ও বৈঠক অনুষ্ঠিত হয়।
- ✓ ০৪ জানুয়ারি ২০১৮ তারিখে কুয়েতের সেনাপ্রধান মাননীয় প্রধানমন্ত্রী'র সাথে সৌজন্য সাক্ষাৎ ও বৈঠক করেন।
- ✓ ০৪-০৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে সংযুক্ত আরব আমিরাতের সাথে ৪র্থ যৌথ অর্থনৈতিক কমিশনের বৈঠক অনুষ্ঠিত হয়।
- ✓ ০৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে সংযুক্ত আরব আমিরাতের সাথে বাংলাদেশের FOC বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।
- ✓ ০৫ মার্চ ২০১৮ তারিখে কুয়েতের শ্রমমন্ত্রীর সাথে মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রমবাজার সম্প্রসারণ বিষয়ে একটি দ্বিপাক্ষিক বৈঠক করেন।
- ✓ ১৩-১৪ মার্চ ২০১৮ তারিখে সৌদি আরবের সাথে ১২তম যৌথ অর্থনৈতিক কমিশনের বৈঠক অনুষ্ঠিত হয়।
- ✓ ১৫ মার্চ ২০১৮ তারিখে সৌদি আরবের সাথে জনশক্তি রপ্তানি বিষয়ে যৌথ টেকনিক্যাল কমিটির দ্বিতীয় বৈঠক অনুষ্ঠিত হয়।
- ✓ ২৫ মার্চ ২০১৮ তারিখে ফিলিস্তিনের ফাতাহ্ মুভমেন্ট- এর মহাসচিব মাননীয় প্রধানমন্ত্রী'র সাথে সৌজন্য সাক্ষাৎ ও বৈঠক করেন।
- ✓ ৫-৬ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৪৫তম ওআইসি পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলনের সাইড লাইনে সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রী এবং কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান ও ইয়েমেনের পররাষ্ট্র প্রতিমন্ত্রীদের সাথে মাননীয় প্রধানমন্ত্রী বৈঠক করেন।
- ✓ ১৭-১৮ এপ্রিল ২০১৮ তারিখে আবুধাবিতে সংযুক্ত আরব আমিরাতের সাথে গৃহকর্মী প্রেরণ সংক্রান্ত সমঝোতা স্মারক চূড়ান্তকরণের লক্ষ্যে দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়।
- ✓ ১৮ এপ্রিল ২০১৮ তারিখে সংযুক্ত আরব আমিরাতের সাথে গৃহকর্মী প্রেরণ সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।
- ✓ ০৫ মে ২০১৮ তারিখে ঢাকায় কাতার দূতাবাস নির্মাণের জন্য জমি হস্তান্তর সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।
- ✓ ১৬ মে ২০১৮ তারিখে "Gulf Shield-I" এ যোগদান উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী সৌদি আরব সফর করেন।
- ✓ ১১ জুন ২০১৮ তারিখে ঢাকায় সৌদি আরবের মিশন প্রধানের সাথে প্রবাসী কল্যাণ সচিব দ্বিপাক্ষিক বৈঠক করেন।

❑ **পশ্চিম ইউরোপ ও ইউরোপীয় ইউনিয়ন:**

- ✓ ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখে নিউ ইয়র্কে অনুষ্ঠিত জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনের সাইড লাইনে বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে Standard Operating Procedures (SOPs) স্বাক্ষরিত হয়। বাংলাদেশের পক্ষে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী, এম.পি. এবং ইউরোপীয় ইউনিয়নের পক্ষে Dimitris Avramopoulos, Commissioner for Migration, Home Affairs and Citizenship এই SOPs স্বাক্ষর করেন।
- ✓ ইউরোপে অনিয়মিত হয়ে পড়া বাংলাদেশীদের ফেরত আনার জন্য ইইউ এর সাথে সম্পাদিত SOPs এর বাস্তবায়ন এবং অভিবাসন নীতি প্রণয়নে IOM ও Human Development Research Centre (HDRC) এর সাথে কাজ করা হচ্ছে।
- ✓ ১৪ নভেম্বর ২০১৭ তারিখে ঢাকায় বাংলাদেশ ও ডেনমার্কের মধ্যে Bilateral Consultations অনুষ্ঠিত হয়। এ সময় দু'দেশের মধ্যে Memorandum of Understanding on Bilateral Consultation/Strategic Dialogue বিষয়ক একটি সমঝোতা স্মারক এবং Political Declaration regarding Denmark's Support to Cox's Bazar in the Wake of Rohingya Crisis বিষয়ক একটি ঘোষণাপত্র স্বাক্ষরিত হয়।
- ✓ ১৯ নভেম্বর ২০১৭ তারিখে High Representative of the European Union for Foreign Affairs and Security Policy/Vice President of the Commission, Federica Mogherini **এবং জার্মানী ও সুইডেনের পররাষ্ট্রমন্ত্রী রোহিঙ্গা বিষয়ে বাংলাদেশের প্রতি পূর্ণ সহযোগিতা প্রকাশের উদ্দেশ্যে বাংলাদেশ সফর করেন।**
- ✓ ৩০ নভেম্বর ২০১৭ থেকে ০২ ডিসেম্বর ২০১৭ সময়কালে ভ্যাটিকানের His Holiness Pope Francis বাংলাদেশে সরকারি সফর করেন।
- ✓ প্রায় দু'বছর যাবৎ পররাষ্ট্র মন্ত্রণালয় University of Cambridge এর সাথে বাংলাদেশে একটি Policy Simulation Innovation Lab প্রতিষ্ঠার লক্ষ্যে কয়েক দফা আলোচনা শেষে চূড়ান্ত করা হয়েছে। 'প্রস্তাবিত Cambridge Policy Innovation Lab-কে Bangabandhu-Cambridge Policy Innovation Lab Program-হিসেবে নামকরণ

এবং পরবর্তীতে University of Cambridge- এ 'Bangabandhu Chair' প্রতিষ্ঠা করার লক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট হতে প্রয়োজনীয় সম্মতি পাওয়া গিয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় এবং University of Cambridge -এর মধ্যে চূড়ান্তকৃত 'Research Collaboration' Contract টি স্বাক্ষরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রথম পর্যায়ের কার্যক্রম বর্তমানে চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

- ✓ ২০১৮ সালে ইউরোপের বিভিন্ন দেশে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী-এর সফরের ফলে দ্বিপাক্ষিক সম্পর্ক সম্প্রসারণের পাশাপাশি সরকার প্রধান ও রাষ্ট্রপ্রধান পর্যায়ে সফরের ক্ষেত্র তৈরি হয়।
- ✓ মাননীয় প্রধানমন্ত্রী ২০১৮ সালের ফেব্রুয়ারি মাসে ইতালি ও ভ্যাটিকান সিটি-তে সরকারি সফর করেন।
- ✓ ঢাকায় সুইজারল্যান্ডের প্রেসিডেন্ট, ডেনমার্কের ক্রাউন প্রিন্স এবং যুক্তরাজ্য-এর পররাষ্ট্রমন্ত্রীর সফরের পাশাপাশি ইউরোপের বিভিন্ন দেশের উচ্চ পর্যায়ের নেতৃবৃন্দ বাংলাদেশ সফর করেছেন।
- ✓ দ্বিপাক্ষিক সকল গুরুত্বপূর্ণ বিষয়াবলী আলোচনার জন্য ২০১৮ সালে নরওয়ে (অসলো), ফিনল্যান্ড (ঢাকা), ইউরোপিয়ান ইউনিয়ন (ঢাকা) এবং নেদারল্যান্ডস (দ্য হেগ) -এর সাথে ফরেন অফিস/ ডিপ্লোম্যাটিক কনসালটেশন্স এবং যুক্তরাজ্য (লন্ডন) -এর সাথে কৌশলগত আলোচনা অনুষ্ঠিত হয়। এ সকল আলোচনার মূল লক্ষ্য ছিল কার্যকর যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে ইউরোপের বিভিন্ন দেশের সাথে চলমান দ্বিপাক্ষিক সম্পর্ক ও সহযোগিতাকে আরো বিস্তৃত ও গভীর করার মাধ্যমে সাহায্য ও উন্নয়ন সহযোগিতা ভিত্তিক সম্পর্ককে বাণিজ্য ও বিনিয়োগ ভিত্তিক অংশীদারিত্বমূলক সম্পর্কে উন্নীত করা। এরই অংশ হিসেবে বাংলাদেশ নরওয়ের সাথে আবাসন বিষয়ক একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে।
- ✓ বৈশ্বিক বিভিন্ন বিষয়ে ইতিবাচক বোঝাপড়া, চলমান রোহিঙ্গা সমস্যা সমাধানে ইউরোপিয়ান ইউনিয়ন এবং ইউরোপের দেশসমূহের অব্যাহত সহযোগিতা, সফলতার সাথে অভিবাসন ব্যবস্থাপনা এবং দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগের উল্লেখযোগ্য বৃদ্ধির মাধ্যমে বাংলাদেশের সাথে ইউরোপিয়ান ইউনিয়ন এবং ইউরোপের দেশসমূহের সম্পর্ক নতুন মাত্রা লাভ করেছে।
- ✓ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার ইউরোপিয়ান ইউনিয়ন ও ইউরোপের দেশগুলোর সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক ও সহযোগিতা আরো বৃদ্ধির লক্ষ্যে ইতোপূর্বে গৃহীত "Broader Engagement with Europe Policy" বাস্তবায়নে অধিকতর কূটনৈতিক তৎপরতা পরিচালনা করেছে।
- ✓ বাংলাদেশের পোশাকশিল্পের কর্মপরিবেশ উন্নয়নে ইউরোপীয় ইউনিয়নের সহযোগিতা অব্যাহত রাখার জন্য জোর কূটনৈতিক প্রয়াস নেয়া হয়েছে। এই কর্ম-পরিবেশ সম্পর্কে বহির্বিশ্বকে আশ্বস্ত করে যুক্তরাষ্ট্রের জিএসপি পুনর্বহাল এবং ইইউ ও কানাডায় বিদ্যমান জিএসপি সুবিধা বহাল রাখতে সংশ্লিষ্ট সকলের সাথে একযোগে পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে।

## ❑ পূর্ব ইউরোপ ও সিআইএস:

- ✓ ২৩-২৮ জানুয়ারি ২০১৮ তারিখে উজবেকিস্তানের অর্থনীতি বিষয়ক উপমন্ত্রী Mubin Mirzaev-এর নেতৃত্বে একটি প্রতিনিধিদল বাংলাদেশ সফর করেন।
- ✓ ২১-২২ জানুয়ারি ২০১৮ তারিখে রাশিয়ার কৃষি বিষয়ক উপমন্ত্রী Sergey Levin-এর নেতৃত্বে একটি প্রতিনিধিদল বাংলাদেশ সফর করেন। উক্ত সফরকালে প্রতিনিধিদল বাংলাদেশের মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় বাণিজ্যমন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।
- ✓ ১৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে নিউ ইয়র্কে একটি যৌথ ইশতেহার স্বাক্ষরের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে কসোভোর সঙ্গে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয়।
- ✓ মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী ১৬-১৯ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে কসোভো প্রজাতন্ত্র-এর স্বাধীনতা ঘোষণার দশম বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে যোগদানের উদ্দেশ্যে কসোভো এবং পরবর্তীতে আলবেনিয়া সফর করেন। উক্ত সফরকালে তিনি কসোভোর রাষ্ট্রপতি, কসোভো এবং আলবেনিয়ার গুরুত্বপূর্ণ মন্ত্রী, উপ-মন্ত্রী ও অন্যান্য রাজনৈতিক নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক করেন।
- ✓ মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী ০৮-১০ মার্চ ২০১৮ তারিখে তুর্কমেনিস্তান-এ দ্বিপক্ষীয় সফর করনে। উক্ত সফরকালে তিনি তুর্কমেনিস্তান-এর প্রথম ভাইস-প্রেসিডেন্ট ও পররাষ্ট্রমন্ত্রী Rasit Meredow -এর সাথে বৈঠক করনে।
- ✓ ০১-০৩ এপ্রিল ২০১৮ তারিখে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রীর আমন্ত্রণে রাশিয়া সফর করেন এবং দ্বিপক্ষীয় স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন।

- ✓ মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী ৫-১৫ এপ্রিল ২০১৮ তারিখে আজারবাইজান, উজবেকিস্তান, তাজিকিস্তান ও তুরস্কে দ্বিপক্ষীয় সফর করেন। উক্ত সফরকালে তিনি আজারবাইজানের পররাষ্ট্রমন্ত্রী Elmar Maharram oglu Mammadyarov এবং উজবেকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী Abdulaziz Kamilov Khafizovich -এর সাথে বৈঠক করেন এবং তাসখন্দে একটি Business Forum-এ অংশগ্রহণ করেন। এছাড়া তিনি তাজিকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী Aslov Sirodjidin Muhridinovich ও তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী Mevlüt Çavuşoğlu-এর সাথে দ্বিপক্ষীয় বৈঠক করেন।

### ❑ আঞ্চলিক সংস্থাসমূহ:

- ✓ ৭-৮ আগষ্ট ২০১৭ তারিখে ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় 24th ASEAN Regional Forum (ARF)-এর বৈঠক অনুষ্ঠিত হয়েছে। মাননীয় পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী উক্ত বৈঠকে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।
- ✓ দক্ষিণ কোরিয়ার সিউলে ২১-২২ সেপ্টেম্বর ২০১৭ তারিখে Asia-Europe Meeting (ASEM) Economic Ministers' Meeting অনুষ্ঠিত হয়। বাংলাদেশের মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব তোফায়েল আহমেদ উক্ত মিটিংয়ে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।
- ✓ ০১-০৮ নভেম্বর ২০১৭ তারিখে ৬৩তম কমনওয়েলথ পার্লামেণ্টারী কনফারেন্স (সিপিসি) ঢাকাতে অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী ০৫ নভেম্বর ২০১৭ তারিখে আনুষ্ঠানিকভাবে এ সম্মেলন উদ্বোধন করেন। কমনওয়েলথ পার্লামেণ্টারী এ্যাসোসিয়েশনভুক্ত ৫২টি দেশের স্পীকার, ডেপুটি স্পীকার ও সংসদ সদস্যসহ ৬০০ জনেরও বেশি প্রতিনিধি উক্ত কনফারেন্স-এ অংশগ্রহণ করেন।
- ✓ মাননীয় পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী ২০-২১ নভেম্বর ২০১৭ তারিখে মিয়ানমারের নেপিদোতে অনুষ্ঠিত 13th Asia-Europe Meeting (ASEM) Foreign Ministers' Meeting-এ বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। ২৩ নভেম্বর ২০১৭ তারিখে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এবং মিয়ানমারের স্টেট কাউন্সেলরের দপ্তরের মন্ত্রী নিজ নিজ দেশের পক্ষে "Arrangement on Return of Displaced Persons from Rakhine State" শীর্ষক দ্বিপাক্ষিক ব্যবস্থা/চুক্তি স্বাক্ষর করেন।
- ✓ ০১-০২ মার্চ ২০১৮ তারিখে "8th ASEM (Asia-Europe Meeting) Culture Ministers' Meeting (ASEM CMM8)" বুলগেরিয়ার রাজধানী সোফিয়াতে অনুষ্ঠিত হয়েছে। আংকারাস্থ বাংলাদেশ দূতাবাস উক্ত মিটিংয়ে বাংলাদেশের প্রতিনিধিত্ব করে।
- ✓ এশিয়া-ইউরোপ ফাউন্ডেশন (আসেফ) এর ৩৭তম বোর্ড অব গভর্নরস্ মিটিং ৩০ নভেম্বর ২০১৭ হতে ০১ ডিসেম্বর ২০১৭ তারিখে ভিয়েতনামে অনুষ্ঠিত হয়। ভিয়েতনামে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত উক্ত মিটিংয়ে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন।
- ✓ ১৩-১৫ জানুয়ারী ২০১৮ বাংলা একাডেমিতে 'আন্তর্জাতিক বাংলা সাহিত্য সম্মেলন ১৪২৪' অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে বাংলাদেশ সরকারের গুরুত্বপূর্ণ প্রতিনিধিসহ বাংলাদেশ ও ভারতের বিশিষ্ট সাহিত্যিক ও শিল্পীগণ অংশগ্রহণ করেন। মাননীয় প্রধানমন্ত্রী ১৩ জানুয়ারী ২০১৮ তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে এ সম্মেলন উদ্বোধন করেন। ১৫ জানুয়ারী ২০১৮ তারিখে বাংলা একাডেমির নজরুল মঞ্চে ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জী এ সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে যোগ দেন।
- ✓ রোমানিয়ার বুখারেস্টে ০৭-০৮ জুন ২০১৮ তারিখে এশিয়া-ইউরোপ ফাউন্ডেশন (আসেফ)-এর ৩৮তম গভর্নিং বোর্ডের মিটিং অনুষ্ঠিত হয়েছে। বার্লিনে অবস্থিত বাংলাদেশ দূতাবাস উক্ত মিটিং-এ বাংলাদেশের প্রতিনিধিত্ব করে।
- ✓ মাননীয় পররাষ্ট্রমন্ত্রী গত ৪ আগস্ট ২০১৮ তারিখে সিঙ্গাপুরে অনুষ্ঠিত $25^{th}$ ASEAN Regional Forum এর বৈঠকে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। বৈঠকের রিট্রিট অধিবেশনে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী তাঁর বিবৃতি প্রদান করেন । তিনি রোহিঙ্গা সমস্যা সমাধানে মিয়ানমারের সাথে সম্পাদিত চুক্তির কথা উল্লেখ করে মিয়ানমার যাতে রাখাইনে অতি দ্রুত সহায়ক পরিবেশ সৃষ্টি করে রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসন শুরু করে, সে ব্যাপারে কার্যকরী ব্যবস্থাগ্রহণের তাগিদ দেন।
- ✓ ০৪-০৬ অক্টোবর ২০১৮ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ '৪র্থ জাতীয় উন্নয়ন মেলা' বর্ণাঢ্যভাবে আয়োজন করে। ঢাকায় আয়োজিত উন্নয়ন মেলার প্রথম দিনে ঢাকাস্থ বিদেশী মিশনসমূহের প্রতিনিধিদের উপস্থিতিতে এক আলোচনা সভা

এবং মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়। পররাষ্ট্র সচিব, ঢাকাস্থ বিদেশী দূতাবাসের প্রতিনিধিবৃন্দ, বাংলাদেশের উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ ও নির্বাচিত কিছু বিনিয়োগকারী উক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। তারপর তাঁরা মেলার স্টলসমূহ পরিদর্শন করেন।

- ✓ ১৮-১৯ অক্টোবর ২০১৮ তারিখে বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে এশিয়া-ইউরোপ মিটিং (আসেম) এর ১২তম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। মাননীয় পররাষ্ট্রমন্ত্রী উক্ত সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। এ শীর্ষ সম্মেলনের মূল প্রতিপাদ্য ছিল "Europe and Asia: Global Partners for Global Challenges"। এবারের সম্মেলনে এশিয়া ও ইউরোপ এই দুই অঞ্চলের মধ্যে ব্যবসা ও বাণিজ্যের প্রসার, কানেক্টিভিটি, টেকসই উন্নয়ন, সাইবার সিকিউরিটি, অভিবাসন, পরমাণু অস্ত্র নিরস্ত্রীকরণ, বহুপাক্ষিক বাণিজ্য ব্যবস্থা, মানবাধিকার, পানি ব্যবস্থাপনা, খাদ্য নিরাপত্তা, নারীর ক্ষমতায়ন, দারিদ্র্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তন এবং রোহিঙ্গা প্রত্যাবাসনসহ নানা ইস্যুতে সহযোগিতা বাড়ানোর লক্ষ্যে গুরুত্বপূর্ণ আলোচনা হয়।

### ❑ বহুপক্ষীয় অর্থনৈতিক বিষয়াবলী:

- ✓ ১২ জুলাই ২০১৭ তারিখে বেলজিয়ামের ব্রাসেলস-এ ইউরোপীয় ইউনিয়ন-বাংলাদেশ যৌথ কমিশনের ৮ম সভা অনুষ্ঠিত হয়। সভায় ইউরোপীয় ইউনিয়ন এবং বাংলাদেশের মধ্যে বিদ্যমান ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ, সুষ্ঠু অভিবাসন ব্যবস্থাপনা, অর্থনৈতিক সহযোগিতা, নিরাপত্তা, জলবায়ু পরিবর্তন, গণতান্ত্রিক প্রতিষ্ঠানসমূহের শক্তিশালীকরণ, নারীর ক্ষমতায়ন বিষয়ে পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় এবং ভবিষ্যৎ করণীয় নিয়ে আলোচনা হয়।
- ✓ ২৮-২৯ জুলাই ২০১৭ তারিখে ঢাকায় বাংলাদেশের সভাপতিত্বে ডেল্টা কোয়ালিশনের ২য় মন্ত্রী পর্যায়ের সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনের প্রতিপাদ্য ছিল ''Sustainable Delta for life''। সম্মেলনে মিশর, ফ্রান্স, জাপান, মোজাম্বিক, ফিলিপাইন, নেদারল্যান্ডস, দক্ষিণ কোরিয়া এবং ভিয়েতনামসহ ডেল্টা কোয়ালিশনের সদস্য দেশসমূহ অংশগ্রহণ করে। সম্মেলনে ডেল্টা কোয়ালিশনের 'ঢাকা ঘোষণাপত্র' গৃহীত হয়।
- ✓ ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখে নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রঁ-র আমন্ত্রণে ফ্রান্স কর্তৃক আয়োজিত Global Pact for the Environment শীর্ষক সম্মেলনে অংশগ্রহণ করেন। মাননীয় প্রধানমন্ত্রী জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশের গৃহীত পদক্ষেপসমূহ তুলে ধরেন এবং বৈশ্বিক চুক্তিতে 'ক্লাইমেট জাস্টিস'-কে অগ্রাধিকার দিয়ে দৃঢ় ও কার্যকর আইনি কাঠামো প্রনয়ণের বিষয়ে বিশ্ব নেতৃবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন।
- ✓ ২৪ অক্টোবর ২০১৭ তারিখে ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী অনুবিভাগের উদ্যোগে ও ইউরোপিয়ান ইউনিয়নের সহযোগিতায় "Bangladesh Perspective on Climate change: Global Perspective, Policies and Actors" শীর্ষক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্বে ও বাংলাদেশে Climate Displacement সংক্রান্ত বিষয়ে গৃহীত বিভিন্ন পলিসি ও পদক্ষেপ নিয়ে আলোচনা হয়।
- ✓ ২৯-৩০ নভেম্বর ২০১৭ তারিখে ঢাকায় 'Achieving Sustainable Graduation for the LDCs' শীর্ষক এক উচ্চ পর্যায়ের আন্তর্জাতিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১৫টি স্বল্পোন্নত দেশসহ ২৫টি দেশের প্রতিনিধি, জাতিসংঘের কর্মকর্তাবৃন্দ, বিশ্বব্যাংক, বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানসহ অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন। স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের প্রক্রিয়া, উত্তরণের ফলে উদ্ভূত সম্ভাব্য চ্যালেঞ্জ ও ঝুঁকি কিভাবে যথাযথ পরিকল্পনা ও কৌশলগ্রহণের মাধ্যমে মোকাবেলা করে টেকসই উন্নয়ন অর্জন করা যায় সে বিষয়ে এ সভায় সম্যক আলোচনা করা হয়। এ সম্মেলনটি স্বল্পোন্নত দেশের তালিকা থেকে সদ্য উত্তরণ হয়েছে অথবা শীঘ্রই উত্তরণ করতে যাচ্ছে এমন দেশসমূহের মাঝে অভিজ্ঞতা ও জ্ঞান বিনিময়ের উপযুক্ত প্ল্যাটফর্ম হিসেবে কাজ করেছে।
- ✓ ০৬-১৭ নভেম্বর ২০১৭ তারিখে জার্মানির বন-এ অনুষ্ঠিত জাতিসংঘের 'Framework Convention on Climate Change (UNFCCC)' -এর ২৩তম অধিবেশনে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বাংলাদেশের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন এবং সম্মেলনের High Level Segment-এ বাংলাদেশের পক্ষে বক্তব্য প্রদান করেন। বাংলাদেশসহ স্বল্পোন্নত এবং জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশসমূহের পক্ষে সম্মেলনের বিভিন্ন সেশনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে বাংলাদেশ জোরালো বক্তব্য প্রদান করে।
- ✓ ১১-১৩ ডিসেম্বর ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রঁ (Emmanuel Macron), জাতিসংঘ মহাসচিব এন্টনিও গুটেরেস (António Guterres) এবং বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়ং কিম (Mr. Jim

Yong Kim)-এর যৌথ আমন্ত্রণে প্যারিসে অনুষ্ঠিত ‘One Planet Summit’-এ অংশগ্রহণ করেন। প্যারিস জলবায়ু চুক্তি গৃহীত হওয়ার দুই বছর পূর্তি উপলক্ষ্যে One Planet Summit -এর আয়োজন করা হয়।

- ✓ ১০-১৩ ডিসেম্বর ২০১৭ তারিখে আর্জেন্টিনার বুয়েন্স আয়ার্স -এ World Trade Organization (WTO) -এর একাদশ মন্ত্রী পর্যায়ের সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশসহ স্বল্পোন্নত দেশসমূহের বাণিজ্য স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় বিশেষ করে রুলস অব অরিজিন, সেবা খাতে প্রেফারেনশিয়াল মার্কেট একসেস প্রদান, মৎস্যখাতে ভর্তুকি, বিনিয়োগ সহজীকরণ, ই-কমার্স এবং প্রযুক্তি বিনিময়সহ নানা গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা হয়।
- ✓ ২৩-২৬ জানুয়ারি ২০১৮ তারিখে সুইজারল্যান্ডের ডাভোস-এ অনুষ্ঠিত World Economic Forum(WEF) -এর ৪৮তম বার্ষিক সভায় মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এ. এইচ. মাহমুদ আলী, এম.পি. বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। WEF এর সভার প্রতিপাদ্য ছিল ‘Creating a shared future in the fractured world’। মাননীয় পররাষ্ট্রমন্ত্রী “Securing peace and stability in the Asian century” শীর্ষক একটি প্যানেল সেশনে অংশগ্রহণ করেন যেখানে তিনি বাস্তুচ্যুত রোহিঙ্গাদের নিরাপত্তা, মর্যাদা এবং সম্মানের সাথে নিজ দেশ মিয়ানমারে প্রত্যাবাসনের বিষয়ে বিশ্ব সম্প্রদায়কে এগিয়ে আসার আহবান জানান।
- ✓ ০৮-০৯ জুন ২০১৮ তারিখে কানাডার কুইবেকে অনুষ্ঠিত ‘G-7 Outreach Session’-এ মাননীয় প্রধানমন্ত্রী অংশগ্রহণ করেন। পররাষ্ট্র মন্ত্রণালয় উক্ত সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলের প্রস্তুতি ও সমন্বয়মূলক কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে।

**❑ সমুদ্র অর্থনীতি:**

- ✓ ১০-২১ জুলাই ২০১৭ তারিখে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ জাতিসংঘ সদর দপ্তর-এ অনুষ্ঠিত ‘International legally binding instrument under the UNCLOS on the conservation and sustainable use of marine biological diversity of areas beyond national jurisdiction (BBNJ)’ বিষয়ে গঠিত Preparatory Committee (Prep Com) -এর চতুর্থ ও চূড়ান্ত অধিবেশনে সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট) -এর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল অংশগ্রহণ করে।
- ✓ ০২-০৩ আগস্ট ২০১৭ তারিখে ইন্দোনেশিয়ার বালি-তে অনুষ্ঠিত ‘7th Indian Ocean Rim Association (IORA) Bi-Annual Committee of Senior Officials (CSO)’ সভায় সচিব - দ্বিপাক্ষিক (এশিয়া ও প্রশান্ত) -এর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধি দল অংশগ্রহণ করে।
- ✓ ০৭-১৮ আগস্ট ২০১৭ তারিখে জ্যামাইকার কিংস্টনে অনুষ্ঠিত ‘International Seabed Authority (ISA)’ -এর ২৩তম অধিবেশনে ISA Assembly -এর বর্তমান সভাপতি সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট) অংশগ্রহণ করেন।
- ✓ ৭-৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখে পর্তুগালের লিসবনে অনুষ্ঠিত ‘The Ocean and Human Health’ শীর্ষক মন্ত্রী-পর্যায়ের সভায় মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর পরিবর্তে সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট) -এর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল অংশগ্রহণ করে।
- ✓ ৫-৬ অক্টোবর ২০১৭ তারিখে ইউরোপীয় ইউনিয়ন এর উদ্যোগে মাল্টা'র ভ্যালেটা-তে অনুষ্ঠিত ‘Our Ocean 2017’ শীর্ষক সম্মেলন-এ মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশের প্রতিনিধিদল অংশগ্রহণ করে।
- ✓ ০৯-১৩ অক্টোবর ২০১৭ তারিখে সিঙ্গাপুরে অনুষ্ঠিত ‘Waste Management and Reduction of Marine Litter’ শীর্ষক সেমিনার-এ সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট) অংশগ্রহণ করেন।
- ✓ ১৪-১৮ অক্টোবর ২০১৭ তারিখে দক্ষিণ আফ্রিকা'র ডারবান-এ অনুষ্ঠিত ‘17th Council of Ministers Meeting (COMM) of the Indian Ocean Rim Association (IORA)’ ও সংশ্লিষ্ট অন্যান্য সভাসমূহে বাংলাদেশের প্রতিনিধিদল অংশগ্রহণ করে।
- ✓ ২৭ অক্টোবর ২০১৭ ইং তারিখে দক্ষিণ আফ্রিকার ডারবানে অনুষ্ঠিত ভারত মহাসাগরীয় বলয় সংস্থায় মন্ত্রীপর্যায়ের বৈঠকে বাংলাদেশের প্রতিনিধিদল অংশগ্রহণ করে।

- ৩১ অক্টোবর - ০১ নভেম্বর ২০১৭ তারিখে ভারতের গোয়া-তে অনুষ্ঠিত ‘Goa Maritime Conclave’ শীর্ষক সভায় সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট) অংশগ্রহণ করেন।
- ২২-২৩ নভেম্বর ২০১৭ তারিখে ঢাকায় “দ্বিতীয় আন্তর্জাতিক ব্লু-ইকোনমি ডায়লগ” আয়োজন করা হয়।
- ৭-১১ মার্চ ২০১৮ তারিখে জ্যামাইকার কিংস্টনে অনুষ্ঠিত ‘International Seabed Authority (ISA)’ -এর ২৪তম অধিবেশনে বাংলাদেশ প্রতিনিধিদল অংশগ্রহণ করে।
- ২০-২১ মার্চ ২০১৮ তারিখে মরিশাসে অবস্থিত IORA সদরদপ্তরে অনুষ্ঠিত ‘Workshop to Support Institutional Strengthening in the IORA Secretariat’ -এ IORA সচিবালয় -এর সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রস্তাবসমূহ প্রণয়নে সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট) -এর নেতৃত্বে বাংলাদেশের প্রতিনিধিদল সক্রিয় অংশগ্রহণ করে।
- ২৬-২৯ এপ্রিল ২০১৮ তারিখে মরিশাসে অনুষ্ঠিত ‘Ministerial Conference on Maritime Security in the Western Indian Ocean Region’-এ বাংলাদেশ প্রতিনিধিদল অংশগ্রহণ করে।
- ১১-১৪ জুন ২০১৮ তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত ‘28th Meeting of the State Parties to the United Nations Convention on the Law of the Sea (UNCLOS)’-তে মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের সচিব -এর নেতৃত্বে বাংলাদেশের একটি প্রতিনিধিদল অংশগ্রহণ করে।
- ২১-২২ জুন ২০১৮ তারিখে শ্রীলংকা’র কলম্বোতে অনুষ্ঠিত ‘Regional Symposium on Sustainable Development Goal 14 – Life below Water (Blue SDG)’ -এ সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট) অংশগ্রহণ করেন।
- ৩০ জুন ২০১৮ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ইউরোপীয় ইউনিয়নের যৌথ উদ্যোগে ঢাকায় ‘ব্লু-ইকোনমি’ বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়।
- ২০১২ ও ২০১৪ সালে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রচেষ্টার ফলে মিয়ানমার এবং ভারতের সাথে বাংলাদেশের সমুদ্রসীমা মামলার নিষ্পত্তির ফলে বাংলাদেশ সর্বমোট ১,১৮,৮১৩ বর্গকিলোমিটার সমুদ্র অঞ্চল লাভ করেছে যা মূল ভূখন্ডের ৮০.৫১ ভাগ। তারই ধারাবাহিকতায় বঙ্গোপসাগরে বাংলাদেশের জলসীমায় সম্ভাবনাময় সকল সামুদ্রিক সম্পদ আহরণের সক্ষমতা বৃদ্ধিতে ২০১৮ সালে ভারত ও চীনের সাথে ‘ব্লু ইকোনমি’ এবং ‘মেরিটাইম সেক্টরের উন্নয়নে সহযোগিতা’ বিষয়ক দু’টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।
- জাতিসংঘের ‘Commission on the Limits of the Continental Shelf (CLCS)’ -এ বাংলাদেশ কর্তৃক দাবীকৃত মহীসোপানের ন্যায্য প্রাপ্যতা নিশ্চিতকরণে দেশী ও বিদেশী বিশেষজ্ঞদের নেতৃত্বে মহীসোপান সাবমিশন কমিটি পুণর্গঠন করা হয়।
- জাতিসংঘের ‘Commission on the Limits of the Continental Shelf (CLCS)’ -এ বাংলাদেশ কর্তৃক দাবীকৃত মহীসোপানের চূড়ান্ত সীমানা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে CLCS হতে চূড়ান্ত ‘No-objection Agreement’ প্রাপ্তির নিমিত্তে ভারত ও মায়ানমার-এর সাথে যোগাযোগ করা হয়।
- জাতিসংঘের ‘Commission on the Limits of the Continental Shelf (CLCS)’ -এ বাংলাদেশ কর্তৃক দাবীকৃত মহীসোপানের ন্যায্য প্রাপ্যতা নিশ্চিতকরণে দেশী ও বিদেশী বিশেষজ্ঞদের নেতৃত্বে মহীসোপান সাবমিশন কমিটির প্রথম সমন্বয় সভা আয়োজন করা হয়।

**কনস্যুলার সেবা:**

- ১,৭৯,৩১২টি পুলিশ ক্লিয়ারেন্স সনদ; ১,১৯,৮৭৯টি শিক্ষা সনদ; ৫,৫৬৯টি আম-মোক্তারনামা/বিদেশী সনদ এবং ২,১০,৮০৪টি বিবিধ নথিপত্র সত্যায়ন করা হয়েছে।
- ৪,১১৬টি আম-মোক্তারনামা দলিলের পুনঃসঠিকতা যাচাই করা হয়েছে।
- ৬,০৯৩টি নোট ভারবা; ৩,৪৭৯টি লেটার অব ইন্ট্রোডাকশন; ৬০৪টি সার্ক ভিসা স্টিকার এবং ৮৪১টি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু করা হয়েছে।
- ২৬৪টি অফিসিয়াল পাসপোর্ট ইস্যু অনুমোদন করা হয়েছে।

- ✓ ২৩৩টি কূটনৈতিক পাসপোর্ট এবং ৪১টি অফিসিয়াল পাসপোর্ট বাতিল করা হয়েছে।

## ❑ আন্তর্জাতিক সংস্থাসমূহ:

- ✓ বাংলাদেশ অত্যন্ত সফলভাবে গত ০৫-০৬ মে ২০১৮ তারিখে ঢাকায় ৪৫তম ওআইসি পররাষ্ট্র মন্ত্রী পর্যায়ের সম্মেলন (সিএফএম) আয়োজন করে। সাড়ে তিন দশক পরে বাংলাদেশে আয়োজিত এই সম্মেলন উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যার মধ্য দিয়ে বাংলাদেশ এক বছর কাল সিএফএম সভাপতির দায়িত্ব লাভ করেছে। সম্মেলনে নানা আলোচনার পাশাপাশি রোহিঙ্গা প্রশ্নে বাংলাদেশের জোরালো অবস্থান তুলে ধরা হয় এবং এ বিষয়ে শক্ত দুটি রেজল্যুশন গৃহীত হয়। ওআইসির নেতৃত্ব গ্রহণ বাংলাদেশের ভাবমূর্তি প্রভুত সমুন্নত করেছে।



৪৫তম ওআইসি পররাষ্ট্রমন্ত্রী সম্মেলন (সিএফএম)-এ ঢাকায় ওআইসিভুক্ত দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের সাথে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

- ✓ ১৮-২০ এপ্রিল ২০১৮ তারিখে লন্ডনে অনুষ্ঠিত ২৫তম কমনওয়েলথ্ শীর্ষ সম্মেলনে (CHOGM-2018) মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশের প্রতিনিধিদল সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। সম্মেলনে আর্থসামাজিক ক্ষেত্রে বাংলাদেশের উন্নয়ন, নারীর ক্ষমতায়নসহ বাংলাদেশের বিভিন্ন অর্জন ও বেস্ট প্রাকটিসের উদাহরণ তুলে ধরা হয় । পাশাপাশি রোহিঙ্গা সংকট নিরসনে কমনওয়েলথভুক্ত সরকারপ্রধানগণ বাংলাদেশের পক্ষে তাদের দৃঢ় সমর্থন ব্যক্ত করেন।




১৯ এপ্রিল ২০১৭ লন্ডনে কমনওয়েলথ্ভুক্ত দেশসমূহের সরকারপ্রধানদের সাথে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

## ❑ আফ্রিকা:

- ✓ মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ২৭-২৮ ফেব্রুয়ারী ২০১৮ তারিখে মরক্কোতে দ্বিপাক্ষিক সফর করেন। উক্ত সফরে মরক্কোর সাথে "Convention on Avoidance of Double Taxation" বিষয়ে চুক্তি এবং Foreign Office Consultation (FOC) বিষয়ে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।
- ✓ বাংলাদেশ ও মিশরের মধ্যকার প্রথম এফওসি রাষ্ট্রীয় অতিথিভবন মেঘনায় ২৫ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয় এবং উক্ত এফওসিতে Foreign Service Academy, Ministry of Foreign Affairs of the Government of the People's Republic of Bangladesh ও the Institute for Diplomatic Studies of the Ministry of Foreign Affairs of the Arab Republic of Egypt-এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।
- ✓ সুদানে কন্ট্রাক্ট ফার্মিং বিষয়ে BIDA-এর চেয়ারম্যানের নেতৃত্বে ১২ সদস্যবিশিষ্ট একটি Implementation Taskforce গঠিত হয় এবং উক্ত বিষয়ে Taskforce-এর কার্যক্রমে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে।
- ✓ আফ্রিকা মহাদেশের ৬টি দেশের সাথে ১৪টি চুক্তি ও সমঝোতা স্মারকের উপর কার্যক্রম চলমান রয়েছে যার একটি তালিকা নিম্নে সন্নিবেশিত হল:
  - ➢ মিশরের সাথে
    - (i) Preferential Trade Agreement for the Elimination of Double Taxation with Respect to Taxes on Income and the Prevention of Tax Evasion and Avoidance
    - (ii) Investment Cooperation বিষয়ক চুক্তি
    - (iii) Agreement on Economic and Technical Cooperation
  - ➢ বাংলাদেশ সরকার ও মালি সরকারের মধ্যে "Agreement between the Government of the Peoples' Republic of Bangladesh and the Government of the Republic of Mali on Visa-free Visit for Persons Holding Diplomatic and Official or Service Passports"
  - ➢ মরিশাসের সাথে
    - (i) Bilateral Air Service Agreement (BASA)
    - (ii) Agreement on the Promotion and Reciprocal Protection of Investment
    - (iii) Agreement on the Transfer of Prisoners between the Republic of Mauritius and the People's Republic of Bangladesh
  - ➢ সুদানের সাথে
    - (i) Agreement of Cooperation between the Sudan News Agency (SUNA) and Bangladesh Sangbad Songstha (BSS)
    - (ii) Memorandum of Understanding (MoU) on Animal Resources and Fisheries between Bangladesh and Sudan
  - ➢ বাংলাদেশ ও আলজেরিয়ার মধ্যে সরাসরি আকাশ পথে যোগাযোগ চালুর জন্য "Air Service Agreement between Bangladesh and Algeria-Air Connectivity"
  - ➢ দক্ষিণ আফ্রিকার সাথে
    - (i) Treaty between the Government of the Republic of South Africa and the Government of the People's Republic of Bangladesh on Extradition
    - (ii) Treaty between the Government of the Republic of South Africa and the Government of the People's Republic of Bangladesh on Mutual Legal Assistance in Criminal Matters

(iii) Agreement between the Government of the Republic of South Africa and the Government of the People's Republic of Bangladesh on Visa Exemption for Holders of Diplomatic and Official Passports

(iv) MOU between the Government of the Republic of South Africa and the Government of the People's Republic of Bangladesh on the Establishment of Regular Diplomatic Consultations

❑ **নীতি ও সংগঠন:**

- ✓ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারীর নিয়োগ ও পদোন্নতি কার্যক্রম বাসত্মবায়নের লক্ষ্যে "পররাষ্ট্র মন্ত্রণালয় কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮" প্রণয়নের নিমিত্ত সকল প্রশাসনিক প্রক্রিয়া সম্পন্নপূর্বক আইন মন্ত্রণালয়ে গেজেটের জন্য প্রেরণ করা হয়েছে।
- ✓ মালয়েশিয়ার জোহর বাহরু, নরওয়ের অসলো এবং যুক্তরাষ্ট্রের ফ্লোরিডাতে বাংলাদেশের ০৩(তিন) টি নতুন মিশন স্থাপনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদন গ্রহণ করা হয়েছে।
- ✓ পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সাংগঠনিক কাঠামোতে বিসিএস (পররাষ্ট্র বিষষক) ক্যাডারের ৬০ (ষাট)টি পদ সৃজন করা হয়েছে।
- ✓ পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রথম পদায়নের ক্ষেত্রে পোষাক ভাতা পুনঃনির্ধারণ করা হয়েছে।
- ✓ বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ তথা নয়াদিল্লী, লন্ডন, বেইজিং, টোকিও, মস্কো, রিয়াদ এবং ওয়াশিংটন ডিসিস্থ বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন এবং নিউইর্য়কস্থ বাংলাদেশ স্থায়ী মিশনে ডেপুটি হাইকমিশনার/মিনিস্টার পদমর্যাদার কর্মকর্তাদের অনুকূলে সার্বক্ষণিক সরকারি গাড়ির সুবিধা প্রাধিকারভুক্তিকরণ এবং উল্লিখিত মিশনসমূহের সাংগঠনিক কাঠামোতে একটি করে সেডান কার অন্তর্ভুক্তিকরণ ও একটি করে স্বদেশভিত্তিক গাড়ীচালকের পদ সৃজন করা হয়েছে।
- ✓ বিদেশস্থ বাংলদেশ মিশনসূহের জন্য স্থানীয়ভিত্তিক কর্মচারী নিয়োগ এবং তাদের আর্থিক সুবিধাদি প্রাপ্যতা সংক্রান্ত সাধারণ নীতিমালা প্রস্তুতকরণের নিমিত্ত খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়েছে।
- ✓ পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধিনস্থ বাংলাদেশ ফরেন সার্ভিস একাডেমীতে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীদের দৈনিক প্রশিক্ষণ ভাতার হার ৩৫০/- টাকা হতে ৬০০/- টাকায় পুনঃনির্ধারণ করা হয়েছে।
- ✓ টরোন্টো ও সিডনী-তে নবস্থাপিত বাংলাদেশ কনস্যুলেট জেনারেল স্থাপনের সকল প্রশাসনিক প্রক্রিয়া সম্পন্নকরণের মাধ্যমে মিশনসমূহের কার্যক্রম চালু করা হয়েছে ।
- ✓ স্টাফকার বিহীন তাসখন্দ, সিটুঁয়ে, হ্যানয়, বাগদাদ, লিসবন ও ওয়ারশ-এর সংগঠন ও সারঞ্জাম তালিকাতে ০১ (এক) টি স্টাফকার অন্তর্ভুক্তকরণ ও ০১ (এক) টি করে স্থানীয়ভিত্তিক গাড়িচালকের পদ সৃজন করা হয়েছে।
- ✓ পররাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মরত বিভিন্ন পর্যায়ের মোট ৭১ (একাত্তর) জন কর্মকর্তা-কর্মচারীর দেশের অভ্যন্তরে বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ এবং ২১ (একুশ) জন কর্মকর্তার দেশের বাহিরে প্রশিক্ষণ কর্মসূচীর ব্যবস্থাপনা করা হয়েছে।

❑ **বিবিধ:**

- ✓ বিদেশের মাটিতে বাংলাদেশের মিশনসমূহের একটি অন্যতম প্রধান কাজ হল প্রবাসীদের সেবাপ্রদান এবং স্বার্থ সংরক্ষণ করা। দৈনন্দিন কন্স্যুলার সেবাপ্রদান ছাড়াও গত বছর পররাষ্ট্র মন্ত্রণালয় লিবিয়ায় আটক ২২৫ জন বাংলাদেশি নাগরিককে বাংলাদেশে প্রত্যাবর্তনে সহায়তা করেছে।
- ✓ চীন থেকে নারী পাচারের শিকার এক বাংলাদেশি গারো রমণীকে সেখানে অবস্থিত দূতাবাসের সহায়তায় উদ্ধার করা হয়।
- ✓ পৃথিবীর বিভিন্ন দেশে এখন বিপুল পরিমাণ প্রবাসী বাংলাদেশি স্থায়ী/অস্থায়ীভাবে বসবাস করছেন। তাঁদের আরও উন্নততর সেবা প্রদানের সুবিধার্থে গত বছর সিডনি ও টরন্টোতে বাংলাদেশ কনস্যুলেট খোলা হয়। আরও পাঁচটি বাংলাদেশ দূতাবাস খোলার প্রক্রিয়া চলমান রয়েছে।

- ✓ ইউরোপের অপেক্ষাকৃত নূতন একটি দেশ কসোভোতে অনেক বাংলাদেশী প্রবাসী অবস্থানের কারণে তাদের স্বার্থ রক্ষায় ১৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে সেদেশের সাথে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয়।

পরিশেষে বলা যায় যে, সরকারের বলিষ্ঠ পররাষ্ট্রনীতি ও সক্রিয় কূটনৈতিক কর্মকান্ডের ফলে বাংলাদেশ আজ বিশ্ব পরিমন্ডলে একটি উন্নয়নশীল, গণতান্ত্রিক, অসম্প্রদায়িক ও প্রগতিশীল কার্যকর রাষ্ট্র হিসেবে স্বীকৃতি লাভ করেছে।

******